# বেসিক ব্যাংক পিএলসি.

সমৃদ্ধির পথে মানুষের সাথে

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

শান্তিনগর শাখা, ঢাকা

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারা মতে

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক পিএলসি., শান্তিনগর শাখা, ঢাকা-এর খেলাপী ঋণগ্রহীতা মেসার্স মুলার এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী-মরহুম মোঃ মোশারফ হোসেন, বর্তমানে-সাদ ইবনে মোশারফ, ব্যবসায়িক ঠিকানা: ২৯১, ফকিরাপুল, ইনার সার্কুলার রোড, মতিঝিল, ৮ম তলা ঢাকা-১০০০। স্থায়ী ঠিকানা: গ্রাম-বকুলতলা, ডাকঘর ও থানা-জামালপুর, জেলা-জামালপুর উক্ত ঋণের বিপরীতে (ব্যবস্থাপনা পরিচালক মৃত জনাব মোঃ মোশারফ হোসাইন), মেসার্স মুলার এন্টারপ্রাইজ ঋণ গ্রহীতা ও বন্ধকদাতা হিসাবে তাহার মালিকানাধীন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধকী দলিলমূলে বন্ধক রাখিয়াছেন। এদের বিরুদ্ধে ডিক্রীদার ব্যাংক অর্থঋণ মোকদ্দমা নং-৭১৫/২০২২, তারিখ-১৫/১১/২০২২ (ঢাকা), অর্থজারী মামলা: ৪৪০/২০২৩, তারিখ: ০৪/০৯/২০২৩ (ঢাকা) এবং জামালপুর আদালতে জারী মামলা নং- ৩৩/২০২৫ দায়ের করিয়া অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার ব্যাংকের পাওনা টাকা ৬,৩২,৪৬,০৪৮.৮৯ (ছয় কোটি বত্রিশ লক্ষ ছেচল্লিশ হাজার আটচল্লিশ টাকা উননব্বই পয়সা মাত্র) এবং উক্ত টাকা আদায় হওয়া কালতক পর্যন্ত সময়ের জন্য পাওনা টাকার উপর ১২% বার্ষিক হার সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি ৩৩(৫) ধারায় দখল, ভোগ ও বিক্রয়ের অধিকার লাভ করেন এবং বিগত ২২/০২/২০২৬ইং তারিখে যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত-১, জামালপুর ডিক্রীদার-ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট প্রদান করেন। ফলে ডিক্রীদার-ব্যাংক কর্তৃক পাওনা টাকা এবং নিলামকাল পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ১৬/০৬/২০২৬ইং তারিখ বেলা ৩:০০ (তিন) ঘটিকার মধ্যে ব্যাংকের শান্তিনগর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

**শর্তসমূহ**

১) প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) টেন্ডার মূল্য অংকে ও কথায় এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২) দরপত্র অপরাহ্ন ৩:০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ৩:১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

৩) প্রত্যেক দরদাতা উদ্বৃত্ত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০%, উদ্বৃত্ত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্বৃত্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে "বেসিক ব্যাংক পিএলসি."এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪) অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ক্রটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬) উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৭) সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮) নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৯) কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

## SCHEDULE OF THE PROPERTY

**তফসিল-কঃ** All that piece and parcel of land measuring 34 decimal of land situated within District-Jamalpur, Police Station-Jamalpur, Sub-Registry Office-Sadar Jamalpur, Mouza-Satppakia, R.O.R. Khatian No-91 & corresponding to R.O.R dag No-53, B.R.S. Khatian No-178 & corresponding to dag No-105, located at Bojrapur, Jamalpur which is part of a big pond. Butted and bounded by: On the North-C.N.B Road; On the South-Land of Shimul Shah; On the East-Land of Bimal Shah; On the West-Abdul Mannan; Along with all structure and building constructed or to be constructed thereon together with all rights, interests, benefits, easements etc. attached thereto.

**তফসিল-খঃ** All that piece and parcel of land measuring 9 decimal of land situated within District-Jamalpur, Police Station-Jamalpur, Sub-Registry Office-Sadar Jamalpur, Mouza-Singhjani, J.L. No sabek-05,-B.R.S. 05,R.O.R. Khatian No-214/215 corresponding to R.O.R dag Nos.2129, 2130, 2131, B.R.S. Khatian No-2938 corresponding to dag Nos. 3013, 3014, 3015 & 3016, indicated as R.O.R dag No.2129: located at Bokultala Moor, Jamalpur. Butted and bounded by: On the North-Road; On the South-Land of Vendor; On the East-Land of Vendor and; On the West- Land of Abdur Rahman; Along with 2 storied building with others structure constructed or to be constructed thereon to gether with all rights, interests, benefits, easements etc. attached thereto.

**উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান, শান্তিনগর শাখা**
গ্রীন সিটি রিজেন্সী, ২৬,২৭,২৭/১ কাকরাইল, বীর উত্তম সামসুল আলম সড়ক, ঢাকা। মোবাইল: ০১৭১৩-৪৮৮৮৮২

Daily Agamir Shomoy + Daily Ajker Jamalpur--18/05/2026